গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পীরগাছা, রংপুর।
www.pirgacha.rangpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৮৫৭৩.০০১.০৫.০০১.২৪-১১২

তারিখ ঃ ০৪ ফেব্রুয়ারি ২০২৪
২১ মাঘ ১৪৩০

# ১৪৩১ বাংলা সনের সরকারি হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

## দরপত্র বিজ্ঞপ্তি নং-০২/২০২৪ খ্রি.।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি হাট-বাজার ইজারা সংক্রান্ত সর্বশেষ নীতিমালা অনুযায়ী পীরগাছা উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪৩১ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১ (এক) বছর মেয়াদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্ত ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠান/ইজারাদারদের নিকট হতে বর্ণিত শর্ত-সাপেক্ষে প্রতিটি হাট-বাজারের জন্য পৃথক-পৃথকভাবে সীলমোহরযুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন দরপত্র সিডিউলসহ অন্যান্য কাগজপত্র জেলা প্রশাসক, রংপুর মহোদয়ের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), রংপুর; সহকারী কমিশনার (ভূমি), পীরগাছা, রংপুর এর কার্যালয়; অফিসার ইনচার্জ, পীরগাছা থানা, রংপুর; সোনালী ব্যাংক পিএলসি, পীরগাছা শাখা, রংপুর এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নির্ধারিত নগদ মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। দরপত্রসমূহ জেলা প্রশাসক, রংপুর মহোদয়ের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), রংপুর; সহকারী কমিশনার (ভূমি), পীরগাছা, রংপুর এর কার্যালয় এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখ সকাল ৯.০০ টা থেকে বেলা ১.০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে এবং ঐ দিন বেলা ৩.০০ টায় দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। হাট-বাজার ইজারার দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে। ইজারা বিজ্ঞপ্তি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পীরগাছা, রংপুর এর ওয়েব সাইট www.pirgacha.rangpur.gov.bd এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | হাট-বাজারের নাম | ১৪৩১ বাংলা সনের সরকারি সম্ভাব্য ইজারা মূল্য | সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) | পর্যায়ক্রমে সিডিউল বিক্রয়ের তারিখ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | পর্যায়ক্রমে দরপত্র দাখিলের তারিখ (সকাল ৯.০০ হতে বেলা ১.০০ টা পর্যন্ত) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | পারুল | দেউতি | ৪১,৬৫,৮০০/- | ৯,০০০/- | ২য় বার<br>১৪/০২/২০২৪ খ্রি.<br>০১ ফাল্গুন ১৪৩০<br><br>৩য় বার<br>২৮/০২/২০২৪ খ্রি.<br>১৫ ফাল্গুন ১৪৩০<br><br>৪র্থ বার<br>১৩/০৩/২০২৪ খ্রি.<br>২৯ ফাল্গুন ১৪৩০<br><br>৫ম বার<br>২৭/০৩/২০২৪ খ্রি.<br>১৩ চৈত্র ১৪৩০ | ২য় বার<br>১৫/০২/২০২৪ খ্রি.<br>০২ ফাল্গুন ১৪৩০<br><br>৩য় বার<br>২৯/০২/২০২৪ খ্রি.<br>১৬ ফাল্গুন ১৪৩০<br><br>৪র্থ বার<br>১৪/০৩/২০২৪ খ্রি.<br>৩০ ফাল্গুন ১৪৩০<br><br>৫ম বার<br>২৮/০৩/২০২৪ খ্রি.<br>১৪ চৈত্র ১৪৩০ | কোন বার (দফায়) যে কোন হাট-বাজারের দাখিলকৃত দরপত্র গৃহীত হলে পরবর্তী বার (দফায়) ঐ হাট-বাজারের দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। |
| ২ | ঐ | সৈয়দপুর | ৬,৮১,৯৬৯/- | ২,০০০/- | | | |
| ৩ | ইটাকুমারী | দামুরচাকলা | ১,০৭,০৬৪/- | ১,০০০/- | | | |
| ৪ | ঐ | কালীগঞ্জ | ৭৪,৩৫১/- | ৫০০/- | | | |
| ৫ | ঐ | ইটাকুমারী | ১,০০০/- | ৫০০/- | | | |
| ৬ | কৈকুড়ী | চৌধুরাণী | ৮৩,৬৭,৯১৫/- | ১৭,৪০০/- | | | |

# ১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

১) ১৪৩১ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১(এক) বছর মেয়াদকালের জন্য হাট-বাজারের ইজারা দেয়া হবে।

২) দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফশিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, পীরগাছা, রংপুর এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। জামানতের টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে এ সংক্রান্ত ব্যয় মিটানো হবে। মেয়াদ সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৩) প্রাপ্ত দরপত্র সমূহের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের চেয়ে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৪) যার দরপত্র গৃহীত হবে তিনি সংবাদ অবহিত হবার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ ও মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর (কোড নং-১/১১৪১/০০৬৫/০১১১) এবং ১৫% ভ্যাট (কোড নং-১/১১৩৩/০০৪৫/০৩১১) একই সঙ্গে পরিশোধ করবেন। অন্যথায় জমাকৃত জামানত বাজেয়াপ্তসহ দরপত্র বাতিল পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এ ক্ষেত্রে কোন প্রকার ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবেনা। এ বিষয়ে নতুন কোন নোটিশ জারী করা হবে না।

৫) এক হাটের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য কোন হাটের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবেনা। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র/সিডিউল বিক্রয় করা হবেনা। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবেনা ।

৬) খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭) সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবেনা। ইজারাদার নিজ খরচে হাট-বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোলচার্ট টাঙ্গিয়ে প্রচার করবেন।

৮) প্রত্যেক হাটের জন্য পৃথক-পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯) ইজারাদার কোন ক্রমেই ইজারা প্রাপ্ত হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরুপ কোন ঘটনা পরিলক্ষিত হয় অথবা চুক্তি শর্ত লঙ্ঘন করা হয় তাহলে ইজারা বাতিল করা হবে।

১০) ইজারাদার সমুদয় অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পাদন করবেন। চুক্তি সম্পাদন ব্যতীত হাটের দখল বুঝে দেয়া হবে না এবং দখল বুঝে না দেয়া পর্যন্ত ইজারাদার হাটে টোল আদায় করতে পারবেন না।

১১) দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২) ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩) ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪) কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫) নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজারের ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকি জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬) হাট-বাজার ইজারার টাকা The Public Demand Recovery Act, 1913 অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে ।

১৭) দরপত্র সংক্রান্ত কোন প্রকার ত্রুটি পরিলক্ষিত হলে নীতিমালার আলোকে ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৮) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯) সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ যে কোন সময় হাট-বাজার পরিদর্শন করতে পারবেন।

২০) চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

২১) হাট-বাজার ইজারা সংক্রান্ত ভবিষ্যতে সরকার কর্তৃক জারিকৃত নীতিমালা/আদেশ/পরিপত্র এর সকল শর্ত ইজারার শর্ত হিসেবে গণ্য হবে।

০৪/০২/২০২৪

(মোঃ নাজমুল হক সুমন)
উপজেলা নির্বাহী অফিসার
পীরগাছা, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশসরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পীরগাছা, রংপুর।
www.pirgacha.rangpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৮৫৭৩.০০১.০৫.০০১.২৪-১১২(১০০)

তারিখ ঃ ০৪ ফেব্রুয়ারি ২০২৪
২১ মাঘ ১৪৩০

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো

০১। মাননীয় সংসদ সদস্য, ২২-রংপুর-৪ (পীরগাছা-কাউনিয়া)।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৫। জেলা প্রশাসক, রংপুর।
০৬। পুলিশ সুপার, রংপুর।
০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রংপুর।
০৮। উপপরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
০৯। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি), রংপুর।
১০। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর।

অনুলিপি ঃ জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো

১১। উপজেলা নির্বাহী অফিসার ............................. (সকল), রংপুর ।
১২। সহকারী কমিশনার (ভূমি), পীরগাছা, রংপুর। তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৩। উপজেলা.................................কর্মকর্তা/প্রকৌশলী/সাব-রেজিস্টার, পীরগাছা, রংপুর। তাকে উল্লিখিত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো/নোটিশ বোর্ডে টাঙ্গানোর জন্য অনুরোধ করা হলো।
১৪। অফিসার ইনচার্জ, পীরগাছা থানা, রংপুর।
১৫। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক পিএলসি, পীরগাছা শাখা, রংপুর।
১৬। চেয়ারম্যান.............................. (সকল) ইউপি, পীরগাছা, রংপুর। তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৭। ইউনিয়ন (ভূমি) সহকারী কর্মকর্তা ...................... ইউনিয়ন ভূমি অফিস, পীরগাছা, রংপুর। উল্লিখিত বিজ্ঞপ্তিটি স্থানীয় সকল হাট-বাজারে ঢোল শহরত/মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার করার জন্য অনুরোধ করা হলো এবং প্রচারান্তে ৩ (তিন) কার্যদিবসের মধ্যে জারীর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৮। সহকারী প্রোগ্রামার, পীরগাছা, রংপুর। তাকে ওয়েব পোর্টালে বিজ্ঞপ্তিটি আপলোডের জন্য অনুরোধ করা হলো।
১৯। ইজারাদার ...............................................................................................হাট-বাজার, পীরগাছা, রংপুর।
২০। নোটিশ বোর্ড।
২১। অফিস কপি।

০৪/০২/২৪

(মোঃ নাজমুল হক সুমন)
উপজেলা নির্বাহী অফিসার
পীরগাছা, রংপুর।
ফোন: ০২৫৮৯-৯৭৬৯০১